

রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন (দ্বিতীয়, পঞ্চম এবং নবম তলা)
১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং: ২৬.০২.০০০০.০৩১.৫৮.৪৯৬.১৯/ ২৩১ন

তারিখঃ ৩০-১০ -২০১৯ খ্রিঃ

বিষয় : আগামী ১০-১৩ মার্চ, ২০২০ সময়ে জাপানের টোকিওতে অনুষ্ঠিতব্য "Foodex Japan 2020" শীর্ষক মেলায় অংশগ্রহণ সংক্রান্ত সংশোধিত নোটিশ।


উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১০-১৩ মার্চ, ২০২০ সময়ে জাপানের টোকিওতে "Foodex Japan 2020" শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। প্রস্তাবিত মেলাটি ২০১৯-২০ অর্থ বছরের জন্য প্রণীত ব্যুরোর মেলা তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে। মেলাটি Agri Food, Alternative Food, Food Safety, Frozen Food, Foodex Meat, Organic Food, Packaging and Logistics Food, Sea Food, and Tea & Coffee সেক্টরের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য একটি সম্ভবনাময় প্ল্যাটফরম। উল্লেখ্য, (3^m×3^m)=9SQM বুথ এর প্রকৃত মূল্য টা: ৫,৫০,৮৩৬.০০ (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার আটশত ছত্রিশ টাকা) মাত্র এবং কর্ণার বুথের জন্য অতিরিক্ত টা: ২০,০০০.০০ (বিশ হাজার) প্রদান করতে হবে।

০২। প্রস্তাবিত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী স্বনামধন্য রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী অংশগ্রহণকারীগণকে ব্যুরোর নির্ধারিত ফরম পূরণপূর্বক আবেদনপত্র পে-অর্ডার সহযোগে আগামী ১১ নভেম্বর, ২০১৯ তারিখের মধ্যে মেলা ও প্রদর্শনী বিভাগে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো। প্রতিষ্ঠানের সক্ষমতা অনুযায়ী আগ্রহী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে বুথ মূল্যের উপর নিম্নরূপভাবে ভর্তুকি (Subsidy) প্রদান করা হবে :

ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	"ক"	৪০%
০৪	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	"খ"	৫০%

উল্লেখ্য, আবেদন ফরম ব্যুরোর ওয়েব সাইট : www.epb.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

০৩। ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেওয়া হবে।


(মুনিরা শারমিন)

সহকারী পরিচালক (মেলা)

টেলিফোনঃ ৯১৪৪৮২৪/১১৮

ই-মেইলঃ msarmin@yahoo.com

বিতরণ : সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (৬০, মতিঝিল সি/এ, ঢাকা। ইমেইল-fbcci@bol-online.com
২. সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬৫-৬৬, মতিঝিল সি/এ, ঢাকা, মতিঝিল সি/এ, ঢাকা। ফোন: ৯৫৫২৮০৮, ৯৫৫২৫৬২, ইমেইল-info@dhakachamber.com
৩. সভাপতি, মেট্রপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ১২২-১২৪, মতিঝিল সি/এ, ঢাকা। ই-মেইল: info@mccibd.org
৪. সভাপতি, বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিসিসিআই) বিল্ডিং (৪র্থ তলা) ৩০/৩১ দিলকুশা, সি/এ ঢাকা। ফোন : ৯৫৫১৬৬৯ ফ্যাক্স : ৯৫৬৪১৭০। ই-মেইলঃ bci@bdcom.com
৫. সভাপতি, ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সুবাস্ত টাওয়ার (৭ম তলা), ৬৯/৯, পাশুপথ, ঢাকা-১২০৫। ফ্যাক্স: ৮৬২১০২৭,
৬. সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন, স্কাইলার্ক পয়েন্ট (১০ম তলা), ২৪/এ বিজয় নগর, নর্থ সাউথ রোড, ঢাকা। ফোনঃ ৮৩১৬৮৮২, ফ্যাক্সঃ ৮৩১১৭৫৩ E-mail: bfea@dhaka.net
৭. সভাপতি, বাংলাদেশ এগ্রোপ্রসেসরস ফুড এসোসিয়েশন, নিউবারি, সোবহানবাগ, ঢাকা। info@bapabd.org
৮. আগ্রহী অন্যান্য প্রতিষ্ঠান।

৯. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে) :

- ০১। সহকারী পরিচালক, ভাইস-চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা, (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০২। পি এ টু ডিজি-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। মহা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।